# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 02-10-2025** **Time: 7.50 P.M.**

## বিশেষ বিশেষ খবর –

১) আজ বিজয়া দশমী। শারদোৎসবের শেষদিনে দেবীবরণ, সিঁদুরখেলা, মিষ্টিমুখ এবং শুভেচ্ছা বিনিময়ের মধ্য দিয়ে চলছে বিসর্জনের পালা।

নিরঞ্জন পর্ব শান্তিপূর্ণ রাখতে কলকাতা পুলিশ সহ রাজ্য প্রশাসনের পক্ষ থেকে নেওয়া হয়েছে কঠোর নজরদারির ব্যবস্থা।

বিভিন্ন জায়গায় অনুষ্ঠিত হচ্ছে রাবণ দহন।

২) রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের শতবর্ষ উদযাপন এবং বিজয়াদশমী উপলক্ষে সরসংঘ চালক ডক্টর মোহন ভাগবত বলেছেন, স্বদেশী এবং সাবলম্বী হওয়ার কোন বিকল্প নেই।

৩) সারা দেশের সঙ্গে এরাজ্যেও আজ যথোচিত মর্যাদায় জাতির জনক মহাত্মা গান্ধীর ১৫৬-তম জন্ম বার্ষিকী পালিত হচ্ছে। একই সঙ্গে প্রাক্তন প্রধানমন্ত্রী লালবাহাদুর শাস্ত্রীর ১২২-তম জন্ম বার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করছেন দেশবাসী।

৪) উত্তর ২৪ পরগনার পাথরঘাটা এলাকায় টর্নেডো ঝড়ে ক্ষতিগ্রস্ত শতাধিক বাড়ি। আহত দু'জন।

# বঙ্গোপসাগরে ঘনীভূত অতি গভীর নিম্নচাপের প্রভাবে কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় দুপুর থেকে শুরু হয়েছে বৃষ্টি। উত্তরবঙ্গ এবং উপকূলীয় জেলাগুলিতে ভারী বৃষ্টির পূর্বাভাষ।

০০০০০০০০০০০০০০০০০০

আজ বিজয়া দশমী। শারদোৎসবের শেষদিনে দেবীবরণ, সিঁদুরখেলা, মিষ্টিমুখ এবং শুভেচ্ছা বিনিময়ের মধ্য দিয়ে চলছে বিসর্জনের পালা। আকাশে-বাতাসে আজ বিষাদের সুর। প্রতীক্ষা আবার এক বছরের।

(ঢাক)

বিকেল থেকে মন্ডপে মন্ডপে শুরু হয়েছে দেবী দুর্গাকে বিদায় জানানোর আয়োজন।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিরূপ)

বেলুড় মঠে সকালে দর্পন বিসর্জনের পর সন্ধ্যায় শ্রী শ্রী ঠাকুরের সন্ধ্যা আরতির শেষে প্রতিমা নিরঞ্জন এবং শান্তিজল প্রদান হয়।

এদিকে, উত্তর ২৪ পরগনার বাংলাদেশ সীমান্তবর্তী টাকী-তে ইছামতী নদীবক্ষে বিকেল সাড়ে চারটে পর্যন্ত ৪৭-টি প্রতিমা নিরঞ্জন হয়। প্রাচীন নিয়ম অনুযায়ী প্রথমে পূবের বাড়ির ঠাকুর ভাসানোর পর শুরু হয় অন্যান্য বাড়ির প্রতিমা বিসর্জন। নিরঞ্জন পর্ব চাক্ষুস করতে রাজবাড়ি ঘাট সহ নদীর পাড়ে ভীড় জমিয়েছেন বহু মানুষ। নৌকা চড়েও ঠাকুর ভাসান দেখছেন অনেকেই।

কেউ-ই যাতে আন্তর্জাতিক সীমানা লঙ্ঘন না করেন – সেজন্য বিএসএফ-এর পক্ষ থেকে চলছে কড়া নজরদারি।

নদীয়ার কৃষ্ণনগর রাজবাড়িতে আজ ঐতিহ্যবাহী সিঁদুর খেলায় কয়েক হাজার মহিলা অংশ নেন।

রাজবাড়ির প্রতিমা রাজরাজেশ্বরী আজ গোধুলী লগ্নে নিজস্ব ঘাটে বিসর্জন হয়। এরপর প্রথা অনুযায়ী রাজবাড়ির বর্তমান বংশধর শত্রুবধ করেন। মাটির নকল শত্রু মূর্তি তৈরি করে তীর দিয়ে তাকে বধ করা হয়।

এদিকে, দশেরা উপলক্ষে সল্টলেকের সেন্ট্রাল পার্কে আয়োজন করা হয় রাবণবধে।

পশ্চিম মেদিনীপুরের খড়্গপুরেও চলে রাবণপোড়া অনুষ্ঠান। ভগবান রামের হাতে রাবণবধের ঘটনাকে স্মরণে রেখে আয়োজিত এই শতবর্ষ প্রাচীণ উৎসব দেখার জন্য ভীড় জমান বহু মানুষ।

০০০০০০০০০০০০০০০০০০০০

শারদীয়া উৎসবের চতুর্থী থেকে অস্টমীর রাত পর্যন্ত কলকাতার রাস্তায় আইনভঙ্গের বিভিন্ন কারণে ৩৪৮ জনকে কলকাতা পুলিশ গ্রেফতার করেছে। ৬ লিটার বেআইনি মদ বাজেয়াপ্ত সহ মামলা রুজু হয়েছে ৬ হাজার ২৮৪টি ।

এদিকে, শহরের নির্বাচিত পুজোগুলিকে নিয়ে আগামী রবিবার রেড রোডে প্রস্তাবিত পুজো কার্নিভালের জন্যে কলকাতা পুলিশ যান চলাচল নিয়ন্ত্রন করবে। ওই দিন রেড রোড সংলগ্ন রাস্তা এবং এক্সাইড মোড় থেকে হেস্টিংস পর্যন্ত দুপুর ১২টা থেকে তিনটের মধ্যে পন্যবাহী গাড়ি চলাচল বন্ধ থাকবে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। অনুষ্ঠানের দিন দুপুর দুটো থেকে কার্নিভাল শেষ না হওয়া পর্যন্ত সম্পূর্ন বন্ধ থাকবে রেড রোড, লাভার্স লেন, কুইনস ওয়ে সহ সংলগ্ন রাস্তাগুলি।

oooooooooooooooooooo

রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের সরসংঘ চালক ডক্টর মোহন ভাগবত বলেছেন, আত্মনির্ভর অর্থাৎ স্বনির্ভরতা অর্জন-এর অর্থ হলো- অন্যের মুখাপেক্ষী না হয়ে, বিশ্বব্যাপী ঐক্যের প্রতি সচেতন থেকে নিজেদের ইচ্ছানুসারে কাজ করে যাওয়া নিশ্চিত করা।

আজ রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘে শতবর্ষ উদ্‌যাপন এবং বিজয়া দশমীর উৎসবে নিজের বক্তব্যে শ্রী ভাগবত বলেন, স্বদেশী এবং স্বাবলম্বনের কোনো বিকল্প নেই। একইসঙ্গে আমাদের আন্তর্জাতিক এবং বাণিজ্যিক সম্পর্কগুলিকেও অটুট রাখতে হবে, কারণ কোনো দেশই একাকী চলতে পারেনা। দেশগুলির মধ্যে পারস্পরিক নির্ভরতা স্থায়ী। ডক্টর ভাগবত আরো বলেন যে, পহেলগাঁও হামলার পরবর্তী সময়ে আমরা দেশের নেতৃবৃন্দের দৃঢ়তা, সশস্ত্র বাহিনীর বীরত্ব এবং যুদ্ধ প্রস্তুতি আর সমাজে দৃঢ় সংকল্প ও একতার ছবি দেখেছি।

রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের এক নিষ্ঠ দেশসেবার শতবর্ষ পূর্তি উপলক্ষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সংগঠনটির প্রশংসা করেছেন। সরসংঘ চালক ডক্টর মোহন ভাগবতের অনুপ্রেরণামূলক ভাষণের কথা উল্লেখ করে, প্রধানমন্ত্রী দেশগঠনে সংঘের গুরুত্বপূর্ণ ভূমিকা এবং ভারতের সভ্যতাগত মূল্যবোধ রক্ষায় এর ভূমিকার প্রশংসা করেছেন।

oooooooooooooooooooo

সেবা ও সুশাসন, অর্থাৎ জনসেবা ও সুশাসনের মন্ত্রে পরিচালিত হয়ে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকার রূপান্তর ও অগ্রগতি আনতে অক্লান্ত পরিশ্রম করে চলেছে। আজ, এই বিশেষ - 'সেবা পর্ব'-এ, আমরা আপনাদের সামনে তুলে ধরছি যে মোদী সরকার কীভাবে অপারেশন সিন্দুরের মাধ্যমে জাতীয় নিরাপত্তা, সামরিক শক্তি এবং দেশীয় প্রযুক্তিতে উৎকর্ষতার প্রতি ভারতের অটল প্রতিশ্রুতি প্রদর্শন করেছে।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – কাশফিন)

ooooooooooooooooooo

দেশের অন্যান্য অংশের সঙ্গে আজ এরাজ্যেও জাতির জনক মহাত্মা গান্ধীর ১৫৬-তম জন্মবার্ষিকী, নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে উদ্‌যাপিত হচ্ছে। দিনটি 'আন্তর্জাতিক অহিংসা দিবস' হিসেবে পালিত হয়ে থাকে।

রাজ্যপাল ডক্টর সিভি আনন্দ বোস কলকাতার মেয়ো রোডে মহাত্মা গান্ধীর মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান। সচিবালয় নবান্ন এবং বিধানসভা ভবনেও দিনটি যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়। বেলেঘাটার গান্ধী ভবন এবং কলকাতা পুরভবনে এই উপলক্ষ্যে আয়োজন করা হয় বিশেষ অনুষ্ঠানের।

প্রদেশ কংগ্রেসের পক্ষ থেকে মহাত্মা গান্ধীর জন্মবার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়।

ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী **লালবাহাদুর শাস্ত্রীর ১২২**-তম জন্মদিনে আজ তাঁকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হচ্ছে। গান্ধীজীর আদর্শে অনুপ্রাণিত লালবাহাদুর শাস্ত্রী দেশের স্বাধীনতা আন্দোলনে গুরুত্বপূর্ণ অবদান রেখেছিলেন।

গান্ধী জয়ন্তী উপলক্ষে আজ কোল ইন্ডিয়া লিমিটেড, পরিচ্ছন্ন, জঞ্জাল-মুক্ত এবং জনকেন্দ্রিক পরিচালন ব্যবস্থা গড়ে তুলতে বিশেষ অভিযান শুরু করেছে। সিআইএল-এর কর্পোরেট অফিসে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে সংস্থার চেয়ারম্যান শ্রী পি. এম. প্রসাদ জানান, এ বছরের অভিযানে বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে সংস্থার সমস্ত সাইটে পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখা, ফাইলের জট কমানো, অপ্রয়োজনীয় জিনিস অপসারণ, ডিজিটাইজেশন, ই-ওয়েস্ট ব্যবস্থাপনা এবং জনকেন্দ্রিক বিভিন্ন কর্মকাণ্ড শুরু করা।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিআইএল-এর ডিরেক্টর (মার্কেটিং) শ্রী মুকেশ চৌধুরি, ডিরেক্টর (ফাইনান্স) শ্রী মুকেশ আগরওয়াল, ডিরেক্টর (বিজনেস ডেভেলপমেন্ট) শ্রী আশীষ কুমার, শ্রী বি. কে. ত্রিপাঠী এবং অন্যান্য আধিকারিকরা।

০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার পাথরঘাটা এলাকায় আজ বিকেলে টর্নেডো ঝড়ে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। সন্দেশখালি এক নম্বর ব্লকের অন্তর্গত এলাকায় শতাধিক বাড়ি ভেঙে পড়েছে। একই সঙ্গে প্রায় ৩০-টি বিদ্যুতের খুঁটি ও তার ছিঁড়ে যাওয়ায় গোটা এলাকা বিদ্যুৎ বিচ্ছিন্ন।

বিপর্যয়ের খবর পাওয়ার পরই প্রশাসনের পক্ষ থেকে উপযুক্ত ত্রাণ পাঠানোর কাজ শুরু হয়েছে। নিরাপদ জায়গায় সরিয়ে নিয়ে আসা হচ্ছে বাসিন্দাদের। বাড়ি চাপা

পড়ে আহত এক মহিলা সহ ২ জনকে স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়েছে। বিধায়ক সুকুমার মাহাতো ঘটনাস্থলে রয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০

বঙ্গোপসাগরে ঘনিভূত অতি গভীর নিম্নচাপটি ক্রমশ উত্তর-উত্তর পশ্চিমে অগ্রসর হয়ে গোপালপুরের কাছ থেকে ওড়িশা উপকূল অতিক্রম করেছে। এরফলে আজ দুপুর থেকেই কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় শুরু হয়েছে বৃষ্টি । সন্ধে থেকে বৃষ্টির পরিমাণ বাড়বে।

উপকূলীয় জেলাগুলিতে ভারী থেকে অতি ভারী বৃষ্টি এবং দমকা হাওয়ার বয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে।

আগামী ২৪ ঘন্টায় পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, দক্ষিণ ২৪ পরগনা, ঝাড়গ্রাম জেলায় অতিভারী বৃষ্টি এবং উত্তর ২৪ পরগনা , কলকাতা , হাওড়া, হুগলী, বাঁকুড়া, পুরুলিয়া এবং দুই বর্ধমান জেলায় ভারী বৃষ্টির সতর্কতা রয়েছে বলে আবহাওয়া দপ্তরের পুর্বাঞ্চলীয় প্রধান ডঃ হবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

(বাইট – হাবিবুর)

এদিকে, উত্তরবঙ্গের সব জেলাতেই আজ থেকে ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে। ৫ তারিখের পর উত্তরবঙ্গে বৃষ্টির পরিমাণ কমতে পারে।

অন্যদিকে, দমকা হওয়ার জেরে সমুদ্র উত্তাল থাকার সম্ভাবনায় মৎস্যজীবীদের আগামীকাল পর্যন্ত মাছ ধরতে যেতে নিষেধ করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০